

**নির্বাচনী দায়িত্বপ্রাপ্ত
শিক্ষকদের ৪-দফা দাবী**
(চট্টগ্রাম অফিস)
আসন্ন সংসদ নির্বাচন পরি-
চালনায় তালিকাভুক্ত শিক্ষকগণ
গতকাল (শনিবার) এক সাংবাদিক
(শেষ পৃ: ৪-এর ক: ৩:)

শিক্ষকদের ৪-দফা দাবী
(১ম পৃ: পর)
সম্মেলনে অবাধ, স্বচ্ছ ও নিরপেক্ষ
নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে ৪ দফা
দাবী উত্থাপন করিয়াছেন। বাংলা-
দেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক
সমিতি কার্যালয়ে অনুষ্ঠিত এই
সাংবাদিক সম্মেলনে সমিতির
সভাপতি সাইফুল আলম বলেন,
ভোট কেন্দ্রে নিরাপত্তার পর্যাপ্ত
ব্যবস্থা গ্রহণ করা না হইলে
দায়িত্বপ্রাপ্ত শিক্ষকেরা যথাযথ
ভাবে তাহাদের দায়িত্ব পালন
করিতে পারিবে না।

চার দফা দাবীর মধ্যে আছে :
আক্রমণ ও হয়রানির হাত হইতে
শিক্ষকদের রক্ষার জন্য ব্যবস্থা ;
হতাহতদের, যদি কেহ হন, ক্ষতি-
পূরণ ; নির্বাচন কমিশনের তত্ত্বা-
বধানে উপজেলা পর্যায়ে শিক্ষক
ও অন্যদের প্রতিনিধি সমবায়ে
পর্যবেক্ষক দল গঠন ; প্রাধিগণ
ও অথবা তাহাদের প্রতিনিধিগণ
কর্তৃক আচরণবিধিতে স্বাক্ষর দান
এবং নির্বাচনী দায়িত্বে বিশু-
বিদ্যালয় শিক্ষকদের অন্তর্ভুক্তি।
জনাব আলম নির্বাচনের দায়িত্বে
নিযুক্ত শিক্ষকগণকে নির্বাচন
পরিচালনায় নিরপেক্ষ থাকার
আহ্বান জানান।